# তথ্য অবমুক্তকরণ নির্দেশিকা ২০১৫

মোঃ মুস্তাফিজুর রহমান
[illegible] (আরটিআই)
[illegible]

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
ফার্মগেট, ঢাকা-১২১৫

# মুখবন্ধ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে চিন্তা, বিবেক ও বাক-স্বাধীনতা নাগরিকদের অন্যতম মৌলিক অধিকার হিসেবে স্বীকৃত এবং তথ্য প্রাপ্তির অধিকার এর অবিচ্ছেদ্য অংশ। বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল দেশের ১২টি জাতীয় কৃষি গবেষণা প্রতিষ্ঠানের একটি শীর্ষ স্থানীয় (Apex) সংস্থা। দেশের কৃষি গবেষণা ও উন্নয়নের সমন্বয় ও ব্যবস্থাপনা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা কাউন্সিলের মূল উদ্দেশ্য। বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল তথ্যের অবাধ প্রবাহে বিশ্বাসী। তথ্য অধিকার আইন ২০০৯ এর বাস্তবায়নের অংশ হিসেবে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল তথ্য অবমুক্তকরণ নির্দেশিকা (Information Disclosure Policy) প্রণয়নের উদ্যোগ গ্রহণ করে। এই নির্দেশিকা প্রণয়নের ক্ষেত্রে কাউন্সিলের সংশ্লিষ্ট উর্দ্ধতন কর্মকর্তাদের সাথে আলোচনা হয়। আলোচনা পর্যালোচনার পর বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল কর্তৃক তথ্য অবমুক্তকরণ নির্দেশিকা ২০১৫ প্রণীত হয় । উল্লেখ্য, এই নির্দেশিকা প্রণয়নে তথ্য কমিশন ও বেসরকারি সংস্থা Management and Resource Development Initiative (MRDI) সহযোগিতা করেছে।

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল সর্বস্তরে প্রশাসনিক ও আর্থিক কর্মকান্ডের স্বচ্ছতায় বিশ্বাসী। তথ্য অধিকার আইন সঠিকভাবে প্রয়োগ হলে কাউন্সিলের দাপ্তরিক কার্য সম্পাদনে স্বচ্ছতা ও জবাবদিহিতা আরো বৃদ্ধি পাবে। তথ্য অধিকার আইন ২০০৯ দেশের সকল সরকারী বেসরকারী প্রতিষ্ঠানের দাপ্তরিক কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করণে বলিষ্ঠ ভুমিকা রাখবে।

নির্বাহী চেয়ারম্যান
বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

১২/৪/১৫
মোঃ মুস্তাফিজুর রহমান
প্রধান ... ) ও
... রটিআই)
... কাউন্সিল
..., ঢাকা-১২১৫

## সূচীপত্র

| | |
|---|---|
| প্রথম অধ্যায়: নির্দেশিকার সাধারণ বিষয় | ০৪ |
| দ্বিতীয় অধ্যায় : প্রাথমিক বিষয়াদি | ০৫ |
| পটভূমি ও নির্দেশিকার উদ্দেশ্য | ০৫ |
| বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের পটভূমি | ০৫ |
| বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের সাথে তথ্য অধিকারের সম্পর্ক | ০৫ |
| তথ্য অবমুক্তকরণ নীতি | ০৬ |
| সংজ্ঞা | ০৬ |
| তৃতীয় অধ্যায়: নির্দেশনাসমূহ | ০৭ |
| তথ্যের শ্রেণিবিন্যাস | ০৭ |
| স্বপ্রণোদিত তথ্য প্রকাশ, কোথায় ও কার কাছে পাওয়া যাবে | ০৭ |
| তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী প্রদানযোগ্য তথ্য: | ০৭ |
| কতিপয় তথ্য প্রকাশ বা প্রদান বাধ্যতামূলক নয় | ০৭-০৮ |
| তথ্যের ভাষা | ০৮ |
| দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব এবং কর্মপরিধি | ০৮ |
| তথ্যের আবেদন প্রক্রিয়া | ০৮ |
| তথ্য প্রদানের সময়সীমা | ০৮ |
| তথ্যের মূল্যতালিকা | ০৮ |
| তথ্য প্রদানে অপারগতা | ০৯ |
| আপীল প্রক্রিয়া ও সময়সীমা | ০৯ |
| শাস্তি | ০৯ |
| পরিশিষ্ট তালিকা | ০৯ |
| ফরমের তালিকা | ০৯ |
| পরিশিষ্ট -১ স্বপ্রণোদিত তথ্যের তালিকা | ০৯ |
| পরিশিষ্ট-২ তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী প্রদানযোগ্য তথ্য | ১০ |
| পরিশিষ্ট -৩ প্রদত্ত তথ্য বিষয়ক ছক | ১১ |
| ফরম 'ক' - তথ্য প্রাপ্তির আবেদনপত্র | ১২ |
| ফরম 'খ' - তথ্য সরবরাহের অপারগতার নোটিশ | ১৩ |
| ফরম 'গ' - আপীল আবেদন | ১৪ |
| ফরম 'ঘ' - তথ্য প্রাপ্তির অনুরোধ ফি ও তথ্যের মূল্য নির্ধারণ ফি | ১৫ |

# প্রথম অধ্যায়: নির্দেশিকার সাধারণ বিষয়

| | | |
|---|---|---|
| ১.০ যে কর্তৃপক্ষ নির্দেশিকাটি প্রণয়ন করেছে | : | বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল |
| ১.২ যে তারিখে নির্দেশিকাটি অনুমোদিত হয় | : | ১২.০৪.২০১৫ |
| ১.৩ শেষ সংশোধনের তারিখ: | : | প্রযোজ্য নয় |
| ১.৪ যে নামে নির্দেশিকাটি কার্যকর হবে: | : | তথ্য অবমুক্তকরণ নির্দেশিকা ২০১৫ |

এ নির্দেশিকাটি সাথে সম্পর্কযুক্ত প্রতিষ্ঠানের অন্যান্য নীতিমালাসমূহ:

- বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল আইন ২০১২
- বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল: কর্মচারী চাকুরী প্রবিধানমালা ১৯৮৯

# দ্বিতীয় অধ্যায়: প্রাথমিক বিষয়াদি

## ২.০ পটভূমি ও নির্দেশিকার উদ্দেশ্য

## ২.১ বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের পটভূমি :

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল কৃষি মন্ত্রনালয়ভুক্ত একটি স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান। বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল ১৯৭৩ সালে প্রতিষ্ঠিত হয়। জাতীয় প্রয়োজনের প্রতি লক্ষ্য রেখে ইনষ্টিটিউটসমূহ এবং সহযোগী সংগঠনসমূহের মাধ্যমে কৃষি বিষয়ক বিজ্ঞানে গবেষণা, পরিকল্পনা, পরিচালনা, সমন্বয়, পরিবীক্ষণ (Monitoring) ও মূল্যায়ন এবং গবেষণা কর্মকান্ডের দ্বৈততা পরিহার করা কাউন্সিলের প্রধান উদ্দেশ্য। ১৯৯৬ সালে বিএআরসি এ্যাক্ট (Act) প্রণীত হয় এবং এই আইনের মাধ্যমে বিএআরসি জাতীয় কৃষি গবেষণা সিস্টেমের একটি শীর্ষ প্রতিষ্ঠান হিসেবে জনশক্তি উন্নয়ন ও পরিকল্পনা প্রণয়ন, গবেষণা অগ্রাধিকার নির্ধারন, গবেষণা কর্মসূচী সমন্বয়, পরিবীক্ষণ, মূল্যায়ণ ইত্যাদি কাজের দায়িত্বপ্রাপ্ত হয় । উল্লেখ্য, এসব কর্মকান্ডকে আরো জোরদার করার লক্ষ্যে বিএআরসি এ্যাক্ট ১৯৯৬ -কে সংশোধন করে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এ্যাক্ট ২০১২ প্রণীত হয়েছে। বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এর উদ্দেশ্য হলো ১২টি জাতীয় কৃষি গবেষণা সিস্টেমভূক্ত গবেষণা প্রতিষ্ঠানের গবেষণা সক্ষমতা বৃদ্ধি করা এবং কৃষি উন্নয়নের লক্ষ্যে বিশ্ববিদ্যালয়, বেসরকারী খাত ও সংশ্লিষ্টদের সাথে অংশীদারিত্বের ভিত্তিতে প্রয়োজনীয় প্রযুক্তি উদ্ভাবন করা ও সম্প্রসারণের প্রাথমিক দায়িত্ব পালন করা।

নির্বাহী চেয়ারম্যান বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এর প্রধান নির্বাহী। সাত জন সদস্য-পরিচালক এবং আট জন পরিচালক এর সহযোগিতায় তিনি কাউন্সিলের সার্বিক কর্মকান্ড পরিচালনা করে থাকেন।

## ২.২ বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এর সাথে তথ্য অধিকারের সম্পর্ক

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এর সাথে তথ্য অধিকারের ঘনিষ্ট সম্পর্ক রয়েছে। কাউন্সিল যেমন একদিকে কৃষি বিষয়ক বিজ্ঞানে গবেষণা, পরিকল্পনা, পরিচালনা, সমন্বয়, পরিবীক্ষণ (Monitoring) ও মূল্যায়ন এবং গবেষণা কর্মকান্ডের দ্বৈততা পরিহার ইত্যাদি কর্মকান্ড পরিচালনা করে, অন্যদিকে প্রকল্প-বাস্তবয়ন, ক্রয়, প্রকিউরমেন্টসহ বিভিন্ন আর্থিক কার্যক্রম পরিচালনা করে। সরকারি, স্বায়ত্তশাসিত ও সংবিধিবদ্ধ সংস্থা এবং সরকারি ও বিদেশী অর্থায়নে সৃষ্ট বা পরিচালিত বেসরকারি সংস্থার স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে তথ্যের অবাধ প্রবাহ এবং জনগণের তথ্য অধিকার নিশ্চিতকরণের নিমিত্ত সরকার তথ্য অধিকার আইন, ২০০৯ প্রণয়ন করেছে। তাই বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল থেকে কাউন্সিলের কার্যক্রম সম্পর্কিত কতিপয় তথ্য যা প্রকাশ করলে কাউন্সিলের উপর অর্পিত মূল দায়িত্ব পালনকে ক্ষতিগ্রস্ত করবে না সে সব জানার অধিকার জনগণের আছে।

২.৩ তথ্য অবমুক্তকরণ নীতি

জাতীয় প্রয়োজনের প্রতি লক্ষ্য রেখে জাতীয় কৃষি গবেষণা ইনষ্টিটিউটসমূহ এবং সহযোগী প্রতিষ্ঠানসমূহের মাধ্যমে কৃষি বিষয়ক বিজ্ঞানে গবেষণা, পরিকল্পনা, পরিচালনা, সমন্বয়, পরিবীক্ষণ (Monitoring) ও মূল্যায়ন এবং গবেষণা কর্মকান্ডের দ্বৈততা পরিহার করা কাউন্সিলের প্রধান উদ্দেশ্য। স্বচ্ছতা ও জবাবাদিহিতা সুশাসনের অন্যতম প্রধান দুটি উপাদান, যা নিশ্চিত করার ক্ষেত্রে প্রযোজ্য তথ্যের অবাধ প্রবাহ বিশেষ ভূমিকা পালন করতে পারে। এতদুদ্দেশ্য পূরণকল্পে কাউন্সিল জনগণের তথ্য অধিকারকে নিশ্চিত করার নীতিতে বিশ্বাসী।

তথ্য অবমুক্তকরণ নীতিটি তথ্য অধিকার আইন ২০০৯ এর আলোকে প্রণয়ন করা হয়েছে।

২.৪ সংজ্ঞা

(ক) তথ্য: তথ্য অর্থ বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এর গঠন, কাঠামো ও দাপ্তরিক কর্মকান্ড সংক্রান্ত যে কোন স্মারক, বই, নকশা, মানচিত্র, চুক্তি, তথ্য-উপাত্ত, লগবই, আদেশ, বিজ্ঞপ্তি, দলিল, নমুনা, পত্র, প্রতিবেদন, হিসাব বিবরণী, প্রকল্প প্রস্তাব, আলোকচিত্র, অডিও, ভিডিও, অংকিতচিত্র, ফিল্ম, ইলেকট্রনিক প্রক্রিয়ায় প্রস্তুতকৃত যে কোন ইনস্ট্রুমেন্ট, যান্ত্রিকভাবে পাঠযোগ্য দলিলাদি এবং ভৌতিক গঠন ও বৈশিষ্ট্য নির্বিশেষে অন্য যে কোন তথ্যবহ বস্তু বা তাদের প্রতিলিপিও এর অন্তর্ভুক্ত হবে;

তবে শর্ত থাকে যে, দাপ্তরিক নোট সিট বা নোট সিটের প্রতিলিপি এর অন্তর্ভুক্ত হবে না;

খ) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা: তথ্য অবমুক্তকরণ নীতি বাস্তবায়নের জন্য এবং তথ্য অধিকার আইন অনুযায়ী তথ্য সরবরাহের জন্য বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ;

(গ) তথ্য প্রদান ইউনিট: বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল;

(ঘ) আপীল কর্তৃপক্ষ: সচিব, কৃষি মন্ত্রণালয়;

(ঙ) কাউন্সিল: বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল ;

(চ) নির্বাহী চেয়ারম্যান: বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এর নির্বাহী চেয়ারম্যান;

(ছ) তথ্য কমিশন: তথ্য অধিকার আইনের অধীনে প্রতিষ্ঠিত কমিশন;

(জ) বিধিমালা: বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল আইন ২০১২ এর বিধিমালা ( কৃষি মন্ত্রণালয় কর্তৃক অনুমোদনের অপেক্ষায় আছে);

# তৃতীয় অধ্যায়: নির্দেশনাসমূহ

## ৩.০ তথ্যের শ্রেণিবিন্যাস

তথ্য অধিকার আইন অনুযায়ী প্রত্যেক নাগরিকের তথ্য পাওয়ার অধিকার আছে এবং জনগণের চাহিদা অনুযায়ী এসব তথ্য দিতে কাউন্সিল বাধ্য থাকবে।

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এ যেসব তথ্য রয়েছে তা তিনটি শ্রেণিতে ভাগ করা হয়েছে-

- স্বপ্রণোদিত তথ্য ;
- তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী প্রদান যোগ্য তথ্য ;
- কতিপয় তথ্য প্রকাশ বা প্রদান বাধ্যতামূলক নয় ;

## ৩.১ স্বপ্রণোদিত তথ্য ( Proactive Information)

এই শ্রেণির আওতাভুক্ত তথ্যগুলো পরিশিষ্ট-১- এ উল্লেখ করা আছে যা তথ্য অধিকার আইন অনুযায়ী স্বপ্রণোদিতভাবে কাউন্সিলের ওয়েবসাইটে (www.barc.org.bd) প্রকাশিত থাকবে।

কোন ব্যক্তি নির্ধারিত তথ্য প্রাপ্তির আবেদন পত্রের ফর্ম অনুযায়ী কাউন্সিলের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) বরাবর (ঠিকানা: বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা-১২১৫) তথ্য চেয়ে লিখিত ভাবে বা ইলেকট্রনিক মাধ্যমে বা ই-মেইলে অনুরোধ করতে পারবেন। উল্লেখ্য, ওয়েবসাইটে প্রকাশিত তথ্যও আবেদনের ভিত্তিতে প্রদানযোগ্য হবে।

## ৩.২ তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী প্রদানযোগ্য তথ্য;

এই শ্রেণির আওতাভুক্ত তথ্যগুলো পরিশিষ্ট-৩ এ উল্লেখ করা আছে।

## ৩.৩ কতিপয় তথ্য প্রকাশ বা প্রদান বাধ্যতামূলক নয়

কতিপয় তথ্য যা কোন নাগরিককে প্রদান করতে কাউন্সিল বাধ্য থাকবে না। নিম্নবর্ণিত তথ্যসমূহ কাউন্সিল কোন নাগরিককে প্রদান করতে বাধ্য থাকবে না, যথা-

(ক) কোন তথ্য প্রকাশের ফলে বিচারাধীন মামলার সুষ্ঠু বিচার কার্য ব্যাহত হতে পারে এরূপ তথ্য;
(খ) কোন তথ্য প্রকাশের ফলে কোন ব্যক্তির ব্যক্তিগত জীবনের গোপনীয়তা ক্ষুণ হবে হতে পারে এরূপ তথ্য;
(গ) কোন তথ্য প্রকাশের ফলে কোন ব্যক্তির জীবন বা শারীরিক নিরাপত্তা বিপদাপন্ন হতে পারে এরূপ তথ্য;
(ঘ) আদালতে বিচারাধীন কোন বিষয় এবং যা প্রকাশে আদালত বা ট্রাইব্যুনালের নিষেধাজ্ঞা রয়েছে অথবা যার প্রকাশ আদালত অবমাননার শামিল এরূপ তথ্য;
(ঙ) অনুসন্ধানাধীন বা তদন্তাধীন কোন বিষয় যার প্রকাশ অনুসন্ধান বা তদন্ত কাজে বিঘ্ন ঘটাতে পারে এরূপ তথ্য;
(চ) কোন অপরাধের তদন্ত প্রক্রিয়া এবং অপরাধীর গ্রেফতার ও শাস্তিকে প্রভাবিত করতে পারে এরূপ তথ্য;
(ছ) কোন ক্রয় কার্যক্রম বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট বিষয়ে বা উহার কার্যক্রম সংক্রান্ত কোন তথ্য;
(ছ) পররাষ্ট্রনীতির কোন বিষয় যার দ্বারা বিদেশী রাষ্ট্রের অথবা আন্তর্জাতিক কোন সংস্থা বা আঞ্চলিক কোন জোট বা সংগঠনের সাথে বিদ্যমান সম্পর্ক ক্ষুন্নহতে পারে এরূপ তথ্য;
(জ) আইন অনুসারে কেবল একটি নির্দিষ্ট সময়ের জন্য প্রকাশের বাধ্যবাধকতা রয়েছে এরূপ তথ্য;

(ঝ) কর্মকর্তা-কর্মচারীর ব্যক্তিগত নথি, বেতন ভাতাদিসহ অন্যান্য সুবিধাদি, বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা (কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত) এসব তথ্য;

(ঞ) জাতীয় সংসদের বিশেষ অধিকারহানির কারণ হতে পারে এরূপ তথ্য;

(ট) কোন তথ্য প্রকাশের ফলে কোন বিশেষ ব্যক্তি বা সংস্থাকে লাভবান বা ক্ষতিগ্রস্ত করতে পারে এরূপ তথ্য; (ঠ) কোন ব্যক্তির আইন দ্বারা সংরক্ষিত গোপনীয় তথ্য;

(দ ) পরীক্ষার প্রশ্নপত্র বা পরীক্ষায় প্রদত্ত নম্বর সম্পর্কিত আগাম তথ্য;

৩.৪ তথ্যের ভাষা

(ক) ৩ নং সেকশনে যেসব তথ্যের কথা উল্লেখ আছে সেগুলো কাউন্সিলে তথ্যটি যেভাবে প্রকাশ, ছাপা এবং সংরক্ষণ করা হয়েছে সে ভাবেই দেয়া হবে;

(খ) কাউন্সিলের কার্যক্ষেত্রে ব্যবহৃত তথ্য বাংলা ভাষায় পাওয়া যাবে। এটি নির্ভর করবে অফিসিয়াল বা কার্যক্ষেত্রে যে ভাষায় তথ্যটিকে তৈরী হয়েছে তার উপর;

(গ) কাউন্সিল তথ্যটিকে এক ভাষা থেকে অন্য ভাষায় অনুবাদ বা রূপান্তর করে দেয়ার দায়িত্ব নেবে না;

৩.৫ **দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব এবং কর্মপরিধি**

তথ্যের আবেদনপত্র বাছাই, তথ্য চাহিদাকারীর সাথে যোগাযোগ ও তথ্য প্রদান সম্পর্কে প্রতিবেদন তৈরী। শারীরিক প্রতিবন্ধী ব্যক্তি তথ্য চাহিদাকারী হলে তার উপযুক্ত করে তথ্য প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রয়োজনে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এ বিষয়ে দক্ষ ও অভিজ্ঞ কাউন্সিলের অন্য কোন কর্মকর্তার সহযোগিতা নিতে পারবেন।

৩.৬ **আবেদন প্রক্রিয়া:**

তথ্য চাহিদাকারী সাদা কাগজে অথবা তথ্য অধিকার আইন বিধিমালা ফরম 'ক' (সংযুক্ত) ব্যবহার করে তথ্যের জন্য সরাসরি বা ই-মেইলের মাধ্যমে আবেদন করবেন। এই ফরম কাউন্সিলের ওয়েবসাইটে পাওয়া যাবে।

আবেদনে নিম্নলিখিত বিষয়সমূহের উল্লেখ থাকতে হবে-

(অ) অনুরোধকারীর নাম, ঠিকানা, প্রযোজ্য ক্ষেত্রে ফোন, ফ্যাক্স নম্বর এবং ই-মেইল ঠিকানা;

(আ) যে তথ্যের জন্য অনুরোধ করা হয়েছে তার নির্ভুল এবং স্পষ্ট বর্ণনা;

(ই) অনুরোধকৃত তথ্যের অবস্থান নির্ণয়ের সুবিধার্থে অন্যান্য প্রয়োজনীয় প্রাসঙ্গিক তথ্যাবলী;

(ঈ) কোন্ পদ্ধতিতে তথ্য পেতে আগ্রহী তার বর্ণনা অর্থাৎ অনুলিপি নেয়া, নোট নেয়া বা অন্য কোন অনুমোদিত পদ্ধতি;

৩.৭ **তথ্য প্রদানের সময়সীমা**

(অ) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা আবেদন প্রাপ্তির তারিখ হতে অনধিক ২০ (বিশ) কার্য দিবসের মধ্যে অনুরোধকৃত তথ্য সরবরাহ করবেন।

৩.৮ তথ্যের মূল্যতালিকা

(অ) ছাপানো তথ্যের জন্য যেখানে মূল্য নির্ধারিত রয়েছে সেই প্রতিবেদন বা কপির জন্য উক্ত মূল্য পরিশোধ করতে হবে। উক্ত মূল্য তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত ) বিধিমালা, ২০০৯-এর তফসিল 'ঘ' ফরম (সংযুক্ত) অনুযায়ী নির্ধারিত হবে;

(আ) যদি মূল্য লেখা না থাকে তাহলে কাউন্সিলে ফটোকপির জন্য প্রকৃত মূল্য পরিশোধ করতে হবে;

.৯ তথ্য প্রদানে অপারগতা

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কোন কারণে তথ্য প্রদানে অপারগ হলে অপারগতার কারণ উল্লেখ করে আবেদন পাওয়ার ১০ (দশ) কার্য দিবসের মধ্যে তিনি তা অনুরোধকারীকে অবহিত করবেন।

যদি সেকশন ৭-এ উল্লিখিত 'কতিপয় তথ্য প্রকাশ বা প্রদান বাধ্যতামূলক নয়'-এর আওতায় কোন তথ্য প্রদানের অপারগতার যথাযথ কারণ তথ্য চাহিদাকারীকে ফরম 'খ' (সংযুক্ত)-এর মাধ্যমে জানাতে হবে। অন্যথায় বিনা কারণে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তথ্য চাহিদাকারীকে কোন অবস্থাতেই অপারগতা জানাতে পারবেন না।

৩.১০ আপীল প্রক্রিয়া ও সময়সীমা

কোন ব্যক্তি যদি নির্দিষ্ট সময়সীমার মধ্যে তথ্য না পান কিংবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কোন সিদ্ধান্তে সংক্ষুব্ধ হন, তাহলে তিনি উক্ত সময়সীমা অতিক্রম হওয়ার পর বা সিদ্ধান্ত পাওয়ার পরবর্তী ৩০(ত্রিশ) দিনের মধ্যে আপীল কর্তৃপক্ষের নিকট আপীল করতে পারবেন।

আপীল আবেদনে আপীলের কারণ উল্লেখপূর্বক সাদা কাগজে বা তথ্য অধিকার বিধিমালার ফরম 'গ' (সংযুক্ত) অনুযায়ী করা যাবে।

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের সংশ্লিষ্ট আপীল কর্তৃপক্ষ পরবর্তী ১৫(পনের) কার্য দিবসের মধ্যে আপীল নিষ্পত্তি করবেন। তথ্য প্রাপ্তির আপীলসমূহ তথ্য অধিকার আইন, ২০০৯- এর ধারা ২৪ এবং ২৮ অনুযায়ী বিবেচনা করা হবে।

আপীল কর্তৃপক্ষের রায় কাউন্সিলের চূড়ান্ত রায় বলে বিবেচিত হবে। এ ব্যাপারে সংক্ষুব্ধ হলে তথ্য আবেদনকারী তথ্য কমিশনে অভিযোগ দাখিল করতে পারবে।

৩.১১ শাস্তি

যথাযথ কারণ ব্যতীত তথ্য প্রদানে অপারগতা প্রকাশ একটি অসদাচারণ বলে বিবেচিত হবে এবং কাউন্সিলের কর্মচারী চাকুরী প্রবিধানমালা ১৯৮৯ এর বিধি অনুযায়ী উক্ত তথ্য প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করা হবে।

**৩.১২ পরিশিষ্ট তালিকা**

(অ) পরিশিষ্ট-১ স্বপ্রণোদিত তথ্যের তালিকা;

(আ) পরিশিষ্ট-২ তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী প্রদানযোগ্য তথ্য:

(ই) পরিশিষ্ট-৩ প্রদত্ত তথ্য বিষয়ক তথ্যের ছক

**৩.১৩ ফর্মসমূহের তালিকা**

(অ) ফরম 'ক' - তথ্য প্রাপ্তির আবেদনপত্র;

(আ) ফরম 'খ' - তথ্য সরবরাহের অপারগতার নোটিশ;

(ই) ফরম 'গ' - আপীল আবেদনপত্র;

(ঈ) ফরম 'ঘ' - তথ্য প্রাপ্তির অনুরোধ ফি ও তথ্যের মূল্য নির্ধারণ ফি।

**পরিশিষ্ট-১ স্বপ্রণোদিত তথ্যের তালিকা**

- বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের লক্ষ্য-উদ্দেশ্যসহ প্রাতিষ্ঠানিক কাঠামোর বিবরণ
- কাউন্সিলের কার্যক্রম
- বার্ষিক প্রতিবেদন
- সকল প্রকাশিত প্রতিবেদন
- কর্মকর্তা-কর্মচারীগণের দায়িত্ব

- কাউন্সিল আইন ২০১২, নীতি, বিধিমালা, প্রবিধানমালা, প্রজ্ঞাপন, নির্দেশনা, ম্যানুয়েল
- নিয়োগ ও টেন্ডার সম্পর্কিত বিজ্ঞাপন
- কাউন্সিলের সাফল্য/অর্জন
- কৃষি গবেষণা ও উন্নয়ন সম্পর্কিত বিভিন্ন প্রকাশনা
- ইতোমধ্যে সমাপ্ত এবং বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্পের বিবরণ
- সিটিজেন চার্টার
- প্রয়োজনীয় ফর্ম
- কাউন্সিলের বিজ্ঞানী/ কর্মকর্তাগনের নাম, পদবী ও যোগাযোগের ঠিকানা
- দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী, ঠিকানা
- আপীল কর্তৃপক্ষের নাম, পদবী, ঠিকানা
- প্রদত্ত তথ্য বিষয়ক তথ্য
- কাউন্সিলের বিজ্ঞপ্তি

**পরিশিষ্ট-২ তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী প্রদানযোগ্য তথ্যঃ**

- বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের লক্ষ্য উদ্দেশ্যসহ সাংগঠনিক কাঠামোর বিবরণ
- কাউন্সিলের কার্যক্রম
- বার্ষিক প্রতিবেদন
- কাউন্সিল আইন ২০১২, নীতি, বিধিমালা, প্রবিধানমালা, প্রজ্ঞাপন, নির্দেশনা, ম্যানুয়েল
- কৃষি গবেষণা ও উন্নয়ন সম্পর্কিত বিভিন্ন প্রকাশনা
- কাউন্সিলের গভর্নিং বডি, নির্বাহী পরিষদ এর সভা সম্পর্কিত তথ্য
- কাউন্সিল কতৃক প্রদত্ত সেবা
- দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী, ঠিকানা

পরিশিষ্ট-৩ প্রদত্ত তথ্য বিষয়ক তথ্যের ছক

| ক্রমিক নং | আবেদন কারীর নাম ঠিকানা | তথ্য প্রদানের তারিখ | প্রদত্ত তথ্যের পৃষ্ঠা সংখ্যা | তথ্য প্রদান না করলে তার কারণ | আপীল কর্তৃপক্ষের মাধ্যমে আপীল নিস্পত্তির তারিখ | তথ্য কমিশনের মাধ্যমে অভিযোগ নিস্পত্তির তারিখ | তথ্য প্রদানে ফি আদায় করলে ফি এর পরিমান |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | | | | | | | |
| ২. | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |

# ফরম ‘ক’
## তথ্য প্রাপ্তির আবেদনপত্র

[তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালার বিধি-৩ দ্রষ্টব্য)

বরাবর

-----------------------------------

------------------------------------- (নাম ও পদবী)

ও

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা

------------------------------(দপ্তরের নাম ও ঠিকানা)

১। আবেদনকারীর নাম

পিতার নাম :

মাতার নামৃ :

বর্তমান ঠিকানা :

স্থায়ী ঠিকানা :

ফ্যাক্স, ই-মেইল, টেলিফোন ও মোবাইল ফোন নম্বর (যদি থাকে):

২। কি ধরনের তথ্য (প্রয়োজনে অতিরিক্ত কাগজ ব্যবহার করুন)

৩। কোন পদ্ধতিতে তথ্য পাইতে আগ্রহী (ছাপানো/ফটোকপি/লিখিত/ই-মেইল/ফ্যাক্স/সিডি অথবা অন্য কোন পদ্ধতি)

৪। তথ্য গ্রহণকারীর নাম ও ঠিকানা

৫। প্রযোজ্য ক্ষেত্রে সহায়তাকারীর নাম ও ঠিকানা

আবেদনের তারিখ---------------------- --------------- আবেদনকারীর স্বাক্ষর

*তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা ২০০৯ এর ৮ ধারা অনুযায়ী তথ্যেও মূল্য পরিশোধ যোগ্য ।

## ফরম 'খ'

[তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ বিধি-৫ দ্রষ্টব্য)

### তথ্য সরবরাহে অপারগতার নোটিশ

আবেদনপত্রের সূত্র নম্বরঃ তারিখঃ ........................

প্রতি

আবেদনকারীর নামঃ ..................................................

ঠিকানাঃ ..................................................................

বিষয়ঃ **তথ্য সরবরাহে অপারগতা সম্পর্কে অবহিতকরণ।**

প্রিয় মহোদয়,

আপনার ........................................... তারিখের আবেদনের ভিত্তিতে প্রার্থিত তথ্য নিম্নোক্ত কারণে সরবরাহ করা সম্ভব হইল না, যথা-

১।

.................................................................................................................................

.... ........................................................................................................................;

২।

.................................................................................................................................

.... ........................................................................................................................;

৩।

.................................................................................................................................

.... ........................................................................................................................।

(....................................)

(-----------------------)

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নামঃ

পদবীঃ

দাপ্তরিক সীল

ফরম 'গ'

আপীল আবেদন

[তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালার বিধি-৬ দ্রষ্টব্য)

বরাবর

-----------------------------------

------------------------------------- (নাম ও পদবী)

ও

আপীল কর্তৃপক্ষ


------------------------------(দপ্তরের নাম ও ঠিকানা)

| | |
|---|---|
| ১। আপীলকারীর নাম ও ঠিকানা<br>(যোগাযোগের সহজ মাধ্যমসহ) | : |
| ২। আপীলের তারিখ | : |
| ৩। যে আদেশের বিরুদ্ধে আপীল করা<br>হইয়াছে উহার কপি (যদি থাকে) | : |
| ৪। যাহার আদেশের বিরুদ্ধে আপীল করা হইয়াছে<br>তাহার নামসহ আদেশের বিবরণ (যদি থাকে) | : |
| ৫। আপীলের সংক্ষিপ্ত বিবরণ | : |
| ৬। আদেশের বিরুদ্ধে সংক্ষুব্ধ হইবার<br>কারণ (সংক্ষিপ্ত বিবরণ) | : |
| ৭। প্রার্থিত প্রতিকারের যুক্তি/ভিত্তি | : |
| ৮। আপীলকারী কর্তৃক প্রত্যয়ন | : |
| ৯। অন্য কোন তথ্য যাহা আপীল কর্তৃপক্ষের<br>সম্মুখে উপস্থাপনের জন্য আপীলকারী ইচ্ছা পোষাণ করেন | : |

আবেদনের তারিখ---------------------

---------------

আবেদনকারীর স্বাক্ষর



ফরম 'ঘ'

(বিধি ৮ দ্রষ্টব্য)

## তথ্য প্রাপ্তির অনুরোধ ফি এবং তথ্যের মূল্য নির্ধারণ ফি

তথ্য সরবরাহের ক্ষেত্রে নিন্মোক্ত টেবিলের কলাম (২) এ উল্লিখিত তথ্যের জন্য উহার বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত হারে ক্ষেত্রমত তথ্য প্রাপ্তির অনুরোধ ফি এবং তথ্যের মূল্য পরিশোধযোগ্য হইবে, যথা:-

| ক্রমিক নং | তথ্যের বিবরণ | তথ্য প্রাপ্তির অনুরোধ ফি/তথ্যের মূল্য |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | লিখিত কোন ডকুমেন্টের কপি সরবরাহের জন্য (ম্যাপ, নকশা, ছবি, কম্পিউটার প্রিন্টসহ) | এ-৪ ও এ-৩ মাপের কাগজের ক্ষেত্রে প্রতি পৃষ্ঠা ২ (দুই) টাকা হারে এবং তদূর্ধ্ব মাপের কাগজের ক্ষেত্রে প্রকৃত মূল্য |
| ২। | ডিস্ক, সিডি ইত্যাদিতে তথ্য সরবরাহের ক্ষেত্রে | (১) আবেদনকারী কর্তৃক ডিস্ক, সিডি ইত্যাদি সরবরাহের ক্ষেত্রে বিনামূল্যে;<br>(২) তথ্য সরবরাহকারী কর্তৃক ডিস্ক, সিডি ইত্যাদি সরবরাহের ক্ষেত্রে উহার প্রকৃত মূল্য |
| ৩। | কোন আইন বা সরকারি বিধান বা নির্দেশনা অনুযায়ী কাউকে সরবরাহকৃত তথ্যের ক্ষেত্রে | বিনামূল্যে |
| ৪। | মূল্যের বিনিময়ে বিক্রয়যোগ্য প্রকাশনার ক্ষেত্রে | প্রকাশনায় নির্ধারিত মূল্য |